



# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

Honours Professional Admission 2023-2024

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৪/৩০০২

তারিখ: ০২/১০/২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোর্সভিত্তিক ১ম মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা ০৭ অক্টোবর ২০২৪ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ অথবা তৎপূর্বে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২০ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে অন্যথায় হৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus (Professional)/ Important Notice অপশন থেকে জানা যাবে। এ শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ৩০ অক্টোবর ২০২৪ তারিখ থেকে শুরু হবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিয়োক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	কার্যক্রম	তারিখ
১।	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।	০৭/১০/২০২৪ থেকে ২২/১০/২০২৪
২।	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি [ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ-১২(খ) এ বর্ণিত কোর্সভিত্তিক ধার্যকৃত ফি অনুযায়ী] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ:	০৮/১০/২০২৪ থেকে ২৩/১০/২০২৪
৩।	কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে।	০৮/১০/২০২৪ থেকে ২৪/১০/২০২৪
৪।	কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ-১২(খ) এ বর্ণিত কোর্সভিত্তিক ধার্যকৃত ফি অনুযায়ী] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল “রেজিস্ট্রেশন ফি” খাতের সংশ্লিষ্ট হিসাব নম্বর- 021810000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৭/১০/২০২৪ থেকে ৩১/১০/২০২৪

(ড. মো. আশেফ কবির চৌধুরী)  
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪  
ফোন: ০২-৯৯৬৬৯১৫৮৪  
ইমেইল- drughonours@gmail.com

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৪/৩০০২

তারিখ: ০২/১০/২০২৪

অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি

(মো. আবুল কাসেম)  
উপ-রেজিস্ট্রার (সার্বিক)  
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪